



## লিঙ্গ ও লিঙ্গ পরিবর্তন

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। প্রকৃতিতে যতরকম ব্যক্তি, বস্তু ও প্রাণীকে কয় ভাগে ভাগ করা যায় ?  
(ক) দুই (খ) তিন  
(গ) চার (ঘ) পাঁচ
- ২। 'লিঙ্গ' শব্দটির প্রকৃত অর্থ কি ?  
(ক) নিদর্শন (খ) সংজ্ঞা  
(গ) চিহ্ন (ঘ) কোনটি নয়
- ৩। বাংলা ব্যাকরণে লিঙ্গকে কয়টি শ্রেণীতে ভাগ করা যায় ?  
(ক) তিন (খ) পাঁচ  
(গ) সাত (ঘ) কোনটি নয়
- ৪। 'সন্তান' শব্দটি কোন লিঙ্গ ?  
(ক) পুং লিঙ্গ (খ) স্ত্রী লিঙ্গ  
(গ) উভয় লিঙ্গ (ঘ) কোনটি নয়
- ৫। বাংলা ভাষায় কোন্ কোন্ পদের কেবল লিঙ্গ হয় ?  
(ক) বিশেষণ ও ক্রিয়াপদের (খ) অব্যয় ও বিশেষণের  
(গ) বিশেষ্য ও সর্বনাম পদের (ঘ) কোনটি নয়
- ৬। কতগুলি শব্দ আছে যাদের স্ত্রীলিঙ্গ হয় না, তাদের বলে —  
(ক) পুং লিঙ্গ (খ) ক্লীব লিঙ্গ  
(গ) উভয় লিঙ্গ (ঘ) নিত্য পুং লিঙ্গ
- ৭। 'জ্যেষ্ঠ' শব্দটির লিঙ্গ পরিবর্তন কি হবে ?  
(ক) জ্যেষ্ঠী (খ) জ্যেষ্ঠা  
(গ) জ্যেষ্ঠু (ঘ) কোনটি নয়
- ৮। কোন্ শব্দের কোনো লিঙ্গ পরিবর্তন হয় না ?  
(ক) উভয় লিঙ্গ (খ) স্ত্রী লিঙ্গ  
(গ) ক্লীব লিঙ্গ (ঘ) কোনটি নয়
- ৯। 'শিষ্য' শব্দটির লিঙ্গ পরিবর্তন কি হবে ?  
(ক) শিষ্যানী (খ) শিষ্যা  
(গ) শিষ্যি (ঘ) কোনটি নয়
- ১০। 'বিদেশী' শব্দটির লিঙ্গ পরিবর্তন কি হবে ?  
(ক) বিদেশ (খ) বিদেশা  
(গ) বিদেশা (ঘ) বিদেশিনী

- ১১। 'জনক' শব্দটির লিঙ্গ পরিবর্তন কি হবে?  
(ক) জানকী (খ) জনকিনী  
(গ) জননী (ঘ) কোনটি নয়
- ১২। কতগুলো শব্দের পুংলিঙ্গ হয় না, তাদের বলে —  
(ক) স্ত্রী লিঙ্গ (খ) নিত্য স্ত্রী লিঙ্গ  
(গ) ক্লীব লিঙ্গ (ঘ) কোনটি নয়
- ১৩। 'দেবর' শব্দটির লিঙ্গ পরিবর্তন কি হবে?  
(ক) দেবরী (খ) দেবরা  
(গ) ননদ (ঘ) কোনটি নয়
- ১৪। 'বিধবা' শব্দটি হল —  
(ক) স্ত্রী লিঙ্গবাচক (খ) উভয় লিঙ্গবাচক  
(গ) নিত্য স্ত্রীলিঙ্গবাচক (ঘ) কোনটি নয়
- ১৫। 'সন্ন্যাসী' শব্দটির লিঙ্গ পরিবর্তন হল —  
(ক) সন্ন্যাস (খ) সন্ন্যাসিনী  
(গ) সন্ন্যাসা (ঘ) কোনটি নয়

Amit Kundu

\*\*\*\*\*